

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬৫

১৮. व्यवञा-वानिका वधाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৮৩. শুফ'আ বা অগ্রে ক্রয়াধিকার সম্পর্কে

باب فِي الشُّفْعَةِ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ عَنْ عَطَاءٍ عَنْ جَابِرٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الشُّفْعَةِ إِذَا كَانَ طَرِيقُهُمَا وَاحِدًا قَالَ يُنْظَرُ بِهَا وَإِنْ كَانَ صَاحِبُهَا غَائِبًا

বাংলা

২৬৬৫. জাবির ইবনু আবদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, তাদের (ক্রেতা-বিক্রেতার) উভয়ের (বাড়ীতে) যাতায়াতের রাস্তা এক হয়, তাদের মধ্যে শুফ'আ (ক্রিয়ে অগ্রাধিকার)-'র ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "যদি তার সাথী (প্রতিবেশী) উপস্থিত না থাকে, তবে তার জন্য অপেক্ষা করতে হবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রায্যাক নং ১৪৩৯৬; তায়ালিসী ২/২৭৮ নং ১৪০৪; আহমাদ ৩/৩০৩; আবু দাউদ, বুয়ূ ৩৫১৮; ইবনু হায্ম, আল মুহাল্লা ৯/১০১; তিরমিয়া, আহকাম ১৩৬৯; ইবনু মাজাহ, শুফ'আহ ২৪৯৪;তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/১২০, ১২১; বাইহাকী, শুফ'আহ ৬/১০৬। দেখুন, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ৮/৩১৫; ইবনু আব্দুল বারর, তামহীদ ৭/৪৭; বাগাবী, শারহুস সুনাহ, ৮/২৪২; ফাতহুল বারী ৪/৪৩৮; বাইহাকী, সুনান ৬/১০৬-১০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন